
Lens Asia

২৭ ফেব্রুয়ারি, ২০২৬

# ওসমান হাদি হত্যা মামলায় অধিকতর তদন্ত প্রতিবেদন ১১ মার্চ



ইনকিলাব মঞ্চের মুখপাত্র শহিদ শরিফ ওসমান বিন হাদি । ছবি: সংগৃহীত

ইনকিলাব মঞ্চের মুখপাত্র শহিদ শরিফ ওসমান বিন হাদি হত্যা মামলায় অধিকতর তদন্ত প্রতিবেদন জমা দেওয়ার নতুন তারিখ ১১ মার্চ নির্ধারণ করেছেন আদালত। আগেও কয়েক দফা প্রতিবেদন পেছানো হয়েছিল।

বৃহস্পতিবার প্রতিবেদন দাখিলের দিন থাকলেও পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি) তা জমা দিতে পারেনি। ফলে ঢাকার অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জশিতা ইসলাম নতুন তারিখ ঠিক করেন।

গত ১২ ডিসেম্বর জুমার নামাজ শেষে পল্টনের বক্স কালভার্ট রোডে গুলিবিদ্ধ হন ওসমান হাদি। পরে সিঙ্গাপুরে চিকিৎসাধীন অবস্থায় ১৮ ডিসেম্বর তার মৃত্যু হয়। ১৪ ডিসেম্বর পল্টন থানায় মামলা দায়ের করা হয়; পরে আদালতের আদেশে এতে হত্যা ধারা যুক্ত হয়।

এর আগে গোয়েন্দা পুলিশ ১৭ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দিলেও বাদীর আপত্তিতে আদালত অধিকতর তদন্তের নির্দেশ দেন। বর্তমানে ১১ জন কারাগারে এবং ছয়জন পলাতক রয়েছেন।